

সাহিত্য সাময়িকী

শামসুল ইসলাম-এর অপ্রকাশিত কবিতা

২০০৮-০৬-২৮ :

দুঃখ গায় মনসার গীত

এই গুপ্ত রোগ নিয়ে আমি ক্ষয় হয়ে যাচ্ছি ক্রমে,  
দিন পর দিন চলে যায়। কোনো দিকে সর্বশ্রমে  
কোনো উন্নতি নেই। শুধু বনছায়া, নদীতীর  
শ্যামল বিস্তার মাঠ, নটের রক্তিম পত্রটির  
অবিন্যস্ত ভাবসাব। এরকম দৃশ্যকাম্য নিয়ে  
আকাশ-পাতাল কল্পনার মাঝে জোড়াতালি দিয়ে  
কোনোভাবে পার হয়ে যেতে পারি দীর্ঘ ছায়াপথ।

অতঃপর পথ কোথা? স্বপ্নসব বাস্তবসঙ্গত,  
বিবিধ জটিল আলো বারংবার দিয়ে আছে ঘের।

এই মহাগুপ্ত রোগ উপশম একান্ত রহিত,  
চাঁদবেনে ভাব নিয়ে দুঃখ গায় মনসার গীত।

জা হি দু ল হ ক  
শার্লগুচ্ছ থেকে একটি

শীমের আকাশ কিংবা উজ্জ্বল নক্ষত্র, শ্যামাঙ্গীর  
প্রেম যতো উষ্ণ ছিলো, কোনো ফরাশিনী ততো নয়—  
বৃপসী বিদুষী যা-ই হোক তারা? তুমি নিঃসংশয়  
ছিলে 'কৃষ্ণ ভেনাস'-এর প্রতি, ছিলে মাতৃপ্রেমে স্থির।  
তারই সঙ্গে আশ্চর্য অসুখে তুমি নিজেকে প্রোথিত  
করে করে অঙ্গীকার করেছিলে কেবলই শিল্পকে।  
'লে ফুর দু্যমাল' হচ্ছে পল্লবিত! প্রগতিতে স্থিত  
ব্যথা, দুঃখ, উপোস, দারিদ্র্য—সবই সেই নৈঃসঙ্গকে

বাড়াচ্ছিলো ধীরে ধীরে। তোমার অধ্যাত্ম বিষাদেরা  
জগতে কি অজ্ঞাতে হচ্ছে ঋদ্ধ, তপঃকৃশ অবয়বে  
নির্বেদকে পুঁতে দিচ্ছ—ধমনীতে তপ্ত রক্তস্রোতে :  
তরুণ কবির দিচ্ছে স্তুতি, শ্বেত ভেনাসের ডেরা  
দিচ্ছে ডাক—কিন্তু সর্বোপরি তুমি তোমারই উৎসবে  
মত্ত, কী অচিন্ত্যনীয় : নষ্ট ফুল পুষ্ট হচ্ছে ক্ষতে!

গতকাল ছিল কবি শামসুল ইসলামের প্রথম মৃত্যুবার্ষিকী। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ছাপা হলো অপ্রকাশিত কবিতাটি—বি.স.

(সমাপ্ত)